**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বর্তমানে রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।**

**(২) আগামী ১৭ই জুলাই থেকে রাজ্যে জনগণনার কাজ শুরু হবে।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ভারতের শিল্প বিকাশের ক্ষেত্রে সি.আই.এস.এফ অপরিহার্য হয়ে উঠেছে।**

**(৪) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন ১৩ই মার্চ থেকে শুরু হবে। চলবে ২৫শে মার্চ পর্যন্ত।**

*******************************************

**CM-North :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বর্তমানে রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। শান্তিপূর্ণ ও সুস্থ পরিবেশ বজায় থাকায় রাজ্যে বিনিয়োগের পরিমাণও বৃদ্ধি পাচ্ছে। আজ উত্তর ত্রিপুরা জেলা যুব মোর্চার ডাকে ধর্মনগর বিবিআই ময়দানে "যুব শঙ্খনাদ" সমাবেশে তিনি একথা বলেন। সমাবেশে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, বিধায়ক তথা যুব মোর্চার রাজ্য সভাপতি সুশান্ত দেব, বিধায়ক বিনয় ভূষণ দাস, যাদব লাল নাথ, রাজ্য ও.বি.সি মোর্চার সভানেত্রী মলিনা দেবনাথ, বিজেপি জেলা সভাপতি কাজল দাস প্রমুখ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Rally-Sports & Youth Affairs :**

আগামী ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস। এই উপলক্ষ্যে ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের উদ্যোগে আজ আগরতলায় একটি সাইকেল রেলি অনুষ্ঠিত হয়। রেলিটি উজ্জ্বয়ন্ত প্রাসাদ প্রাঙ্গন থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেব্বর্মা, আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ।

***************************

**SLCC :**

আগামী ১৭ই জুলাই থেকে রাজ্যে জনগণনার কাজ শুরু হবে। আজ সচিবালয়ে স্টেট লেভেল সেনসাস কো-অর্ডিনেশন কমিটির এক বৈঠকে পরিকল্পনা ও পরিসংখ্যান দপ্তরের সচিব তথা স্টেট সেনসাসের নোডাল অফিসার এলটি ডার্লং বলেন, রাজ্যে দুটি পর্যায়ে জনগণনা করা হবে। প্রথম ধাপে হবে আবাসন গণনা। বাড়ির তালিকা প্রণয়ন। দ্বিতীয় ধাপে হবে জনসংখ্যা গণনা। আগামী ১৭ই জুলাই থেকে ৩১শে জুলাই পর্যন্ত হবে সেলফ এনুমারেশন এবং এ বছরেরই পয়লা আগস্ট থেকে ৩০শে আগস্ট পর্যন্ত প্রথম পর্যায়ে হবে আবাসন গণনা ও বাড়ির তালিকা প্রণয়নের কাজ। দ্বিতীয় ধাপে ২০২৭ সালের ৯ই ফেব্রুয়ারি থেকে ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত হবে জনসংখ্যা গণনার কাজ।

*****************************

**Tinku Roy :**

শ্রমমন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরে কৃষি বিজ্ঞান কেন্দ্র অফিস প্রাঙ্গণে কৃষি দপ্তর ও K.V.K'র যৌথ উদ্যোগে কৃষকদের মধ্যে কৃষি সহায়ক যন্ত্রপাতি এবং বীজ বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি কোন জমিকেই পতিত না রেখে চাষের আওতায় নিয়ে আসার জন্য কৃষকদের প্রতি আহ্বান জানান। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৃষি বিজ্ঞান কেন্দ্র বা K.V.K'র বরিষ্ট বিজ্ঞানী ডক্টর

জয়শ্রী দত্ত প্রমুখ। এখানে ৪১৫ জন কৃষককে কৃষি সহায়ক যন্ত্রপাতি এবং উপস্থিত সব কৃষককে উন্নত মানের বীজ বিতরণ করা হয়।

****************************

**PM Biswakarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, বিভিন্ন পেশার সঙ্গে যুক্ত মানুষের জন্য পিএম বিশ্বকর্মা প্রকল্পের আওতায় প্রশিক্ষণ, ঋণ সহায়তা, আধুনিক যন্ত্রপাতি এবং বাজার ব্যবস্থার সঙ্গে সংযোগের সুযোগ তৈরি করা হয়েছে। এই উদ্যোগের মাধ্যমে শুধু কারিগরদের দক্ষতা বৃদ্ধি নয়, তাদের উৎপাদিত পণ্যের বাজার সম্প্রসারণ এবং আর্থিক স্বনির্ভরতা নিশ্চিত করার ক্ষেত্রেও নতুন দিগন্ত উন্মোচিত হবে। আজ ধলাই জেলার আমবাসার পঞ্চায়েতি রাজ ট্রেনিং সেন্টারে ভারত সরকারের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প মন্ত্রকের উদ্যোগে এবং আগরতলার এমএসএমই ডেভেলপমেন্ট অ্যান্ড ফ্যাসিলিটেশন দপ্তরের ব্যবস্থাপনায় একদিনের সচেতনতা শিবিরের উদবোধন করে তিনি একথা বলেন। শিবিরে অংশগ্রহণকারী কারিগরদের প্রকল্পের সুবিধা, আবেদন পদ্ধতি এবং প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয় বিস্তারিতভাবে তুলে ধরা হয়।

*************************

**CM wish-Jishnu Debbarma :**

মহারাষ্ট্রের রাজ্যপাল হিসেবে নিযুক্ত হওয়ায় যীষ্ণু দেববর্মাকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, যীষ্ণু দেব্বর্মার অভিজ্ঞতা এবং জনসেবার প্রতি নিষ্ঠা অবশ্যই মহারাষ্ট্রকে অগ্রগতি ও সমৃদ্ধির দিকে পরিচালিত করবে।

সাংসদ বিপ্লব কুমার দেবও মহারাষ্ট্রের রাজ্যপাল যীষ্ণু দেববর্মাকে অভিনন্দন জানিয়েছেন।

***************************

**Forest Minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা রাজ্যের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বাঁশভিত্তিক শিল্প গড়ে তোলার ওপর গুরুত্ব আরোপ করেছেন। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে বনদপ্তর ও ত্রিপুরা ব্যাম্বু মিশনের সহযোগিতায় বাঁশ শিল্প পরামর্শমূলক কর্মশালার উদ্বোধন করে তিনি বলেন, ত্রিপুরার বাঁশ পর্যটন শিল্পের ক্ষেত্রে এক বিশেষ ভূমিকা পালন করছে। বিশেষ করে বাঁশের তৈরি রিসোর্ট পর্যটকদের কাছে আকর্ষণ বাড়াচ্ছে। তাই বাঁশ চাষের উপর জোর দেওয়া হয়েছে। তিনি আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে রাজ্যে আরও বেশি করে বাঁশ ভিত্তিক শিল্প গড়ে তোলার ক্ষেত্রে শিল্পদোগীদের কাছে আহ্বান রাখেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বনদপ্তরের সচিব শ্রী চৈতন্য মূর্তি, ত্রিপুরা ব্যম্বু মিশনের অধিকর্তা ডঃ দীপক কুমার, বনদপ্তর এর প্রধান সচিব আর.কে সামাল।

***************************

**TB Mukta Bharat :**

বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষে গোমতী জেলায় আজ অনুষ্ঠিত হয়েছে জেলাভিত্তিক একদিনের সচেতনতামূলক কর্মসূচি। একইসঙ্গে গোমতী জেলাভিত্তিক এইচ পি ভি টিকাকরণের কর্মসূচি শুরু হয়েছে। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে কিল্লা ব্লকের গুনপদ মেমোরিয়াল হলে আয়োজিত এই শিবিরে “টিবি মুক্ত ভারত” ও ক্যান্সার প্রতিরোধে এইচ পি ভি টিকাকরনের বিভিন্ন দিক তুলে ধরা হয়। যক্ষ্মা রোগীদের জন্য নিক্ষয় পোষণ যোজনা শীর্ষক একটি পুতুল নাটকের মাধ্যমেও জনগণকে সচেতন করা হয়। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: কমল রিয়াং আকাশবানী গোমতী জেলার প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে এক সাক্ষাৎকারে বলেন, এই কর্মসূচির মাধ্যমে সাধারণ মানুষকে টিবি প্রতিরোধ ও এইচ পি ভি টিকাকরণ সম্পর্কে সচেতন করা হয়।

***************************

**Bal Vivah Mukta Bharat :**

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে দক্ষিন জেলা প্রশাসনের উদ্যোগে আজ বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে বাল্য বিবাহ মুক্ত ভারত - বিষয়ে জেলাভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত বক্তব্য রাখতে গিয়ে ১৮ বছরের কম বয়সী মেয়েদের বিয়েতে প্রতিরোধে এগিয়ে আসার জন্য গ্রাম প্রধান সহ জন প্রতিনিধিদের প্রতি আহ্বান জানিয়েছেন। বক্তব্য রাখেন দক্ষিন জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা প্রমুখ।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**Vice President :**

উপরাষ্ট্রপতি সি.পি রাধাকৃষ্ণন নাগাল্যান্ডের যুবসমাজকে সক্রিয়ভাবে জাতীয় সেবায় অংশগ্রহণ করার এবং জাতি গঠনে অবদান রাখার আহ্বান

জানিয়েছেন, এর ফলে বিকশিত নাগাল্যান্ড বিকশিত ভারত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আজ লুমামিতে নাগাল্যান্ড বিশ্ববিদ্যালয়ের অষ্টম সমাবর্তন অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি আরো বলেন, বৈচিত্র্য থাকা সত্ত্বেও একতাই ভারতের সবচেয়ে বড় শক্তি। উপরাষ্ট্রপতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে গত এক দশকে উত্তর-পূর্বাঞ্চলে পরিকাঠামোগত উন্নয়ন এবং শান্তি উদ্যোগগুলি তুলে ধরেন। ফ্রন্টিয়ার নাগাল্যান্ড টেরিটোরিয়াল অথরিটি চুক্তির কথা উল্লেখ করে তিনি বলেন, রাজ্যের সার্বিক উন্নয়নের জন্য শান্তি ও সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

*************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামি রবিবার নতুন দিল্লীতে দুটি নতুন মেট্রো করিডোর উদ্বোধন করবেন এবং তিনটি অতিরিক্ত করিডোরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা সংবাদমাধ্যমকে জানান, প্রধানমন্ত্রী পিঙ্ক লাইনের মজলিস পার্ক থেকে মৌজপুর-বাবরপুর অংশ এবং দিল্লি মেট্রোর ম্যাজেন্টা লাইনের দীপালি চক থেকে মজলিস পার্ক অংশের উদ্বোধন করবেন। দিল্লির মুখ্যমন্ত্রী জানান, ১৮ হাজার ৩০০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পগুলি গণপরিবহনকে শক্তিশালী করবে এবং শহর জুড়ে যোগাযোগ উন্নত করবে।

******************************

**CISF-Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বলেছেন, ভারতের শিল্প বিকাশের ক্ষেত্রে সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স অর্থাৎ সি.আই.এস.এফ অপরিহার্য হয়ে উঠেছে। আজ কটকের মুন্ডুলিতে সি.আই.এস.এফ-এর ৫৭তম প্রতিষ্ঠা দিবস উদযাপনে তিনি একথা বলেন। এই বাহিনী সারা দেশে মুখ্য শিল্পক্ষেত্রেগুলিতে নিরাপত্তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি বলেন, অত্যাবশ্যক সামুদ্রিক ক্ষেত্রে সুরক্ষা আরও

জোরদার করতে বন্দর সুরক্ষা শীঘ্রই সি.আই.এস.এফ-এর কাছে ন্যস্ত করা হবে। মাওবাদের বিরুদ্ধে লড়াইয়ের কথা উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী আত্মবিশ্বাস ব্যক্ত করেছেন যে, ভারত চলতি মার্চ মাসের মধ্যে নকশালবাদ থেকে মুক্ত হবে। তিনি বলেন, সি.আই.এস.এফ এই মিশনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

######Byte-Amit Shah#####

******************************

**Minister of State for External Affairs :**

বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং আজ জোর দিয়ে বলেছেন, স্থিতিশীল সামুদ্রিক উন্নয়ন বিশ্বের দক্ষিণ প্রান্তের জন্য অপরিহার্য। নতুন দিল্লিতে রাইসিনা সংলাপ ২০২৬-এর দ্বিতীয় দিনে, তিনি জোর দিয়ে বলেন, ভারতের সিদ্ধান্তগুলি জাতীয় স্বার্থে পরিচালিত হয় এবং কোনও একটি নির্দিষ্ট বিশ্বগোষ্ঠীর জন্য নয়। মন্ত্রী শ্রী সিং আরও বলেন, ভারত ধারাবাহিক নৌচলাচল এবং পারাপারের স্বাধীনতাকে সমর্থন করে, ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বর্তমান পরিস্থিতি পরিবর্তনের একতরফা প্রচেষ্টার বিরোধিতা করে। তিনি বলেন, ইউক্রেন হোক বা পশ্চিম এশিয়া, ভারত যোগাযোগ এবং স্থিতিশীলতা বৃদ্ধির জন্য ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোরের মতো উদ্যোগগুলিকে এগিয়ে নিতে ধারাবাহিক আলোচনা এবং কূটনীতির উপর জোর দেয়। তিনি বলেন, ভারত মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে এক মুক্ত, অন্তর্ভুক্তিমূলক এবং সহযোগিতামূলক ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য পরিকল্পনা শেয়ার করেছে, অন্যদিকে ইউরোপের সাথে ভারতের সহযোগিতা গণতান্ত্রিক মূল্যবোধ এবং বাস্তবসম্মত আলোচনার উপর নির্ভর করে। মন্ত্রী উল্লেখ করেছেন, ভারত ব্রিকসের চেয়ারম্যানের পদ গ্রহণ করার পর স্থিতিশিলতা, উদ্ভাবন, সহযোগিতা এবং স্থায়িত্ব - এই চারটি বৃহৎ দৃষ্টিভঙ্গীর উপর গুরুত্ব আরোপ করেছে।

******************************

**BAC Meeting :**

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আগামী ১৩ই মার্চ শুরু হবে। চলবে ২৫শে মার্চ পর্যন্ত। আজ বিধানসভায় বিজনেস অ্যাডভাইজরি কমিটির বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী রতন লাল নাথ এখবর জানান। তিনি জানান, আগামী ১৩ই মার্চ রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষণ দিয়ে অধিবেশন শুরু হবে। এরপর বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানো হবে।

সংসদ বিষয়ক মন্ত্রী শ্রী নাথ আরো জানান, ১৬ই মার্চ অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায় ২০২৬-২৭ অর্থবর্ষের বাজেট এবং ২০২৫-২৬ অর্থবর্ষের সংশোধিত বাজেট বিধানসভায় পেশ করবেন।

তিনি বলেন, বাজেট ভাষণের পরের দিন তিনটি গুরুত্বপূর্ণ বিল পেশ করা হবে। এগুলি হল মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ত্রিপুরা ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস বিল, টেকনিক্যাল ইউনিভার্সিটি বিল এবং উইমেন্স ইউনিভার্সিটি বিল। অধিবেশনের তৃতীয় দিনে রাজ্যপালের ভাষণের উপর আলোচনা শুরু হবে, যা দুই দিন ধরে চলবে। ১৯শে মার্চ বিরোধী দলের নেতা বাজেটের উপর বক্তব্য রাখবেন। তিনি আরো জানান, ২০, ২৩ ও ২৪শে মার্চ বাজেট নিয়ে বিস্তারিত আলোচনা হবে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************

**Super Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে তিনটি খেলা হয়।

নরসিংগড়ের পি টি এ মাঠে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ৭০ রানে স্ফুলিঙ্গ ক্লাবকে, টি আই টি মাঠে শতদল সংঘ ৯১ রানে হার্ভে ক্লাবকে এবং এম বি বি স্টেডিয়ামে জয়নগর ক্রিকেট ক্লাব ৯ উইকেটে সংহতি ক্লাবকে পরাজিত করে।

****************************